কানাইঘাট বাজারে পঁচা মাংস বিক্রি, ৫০ হাজার টাকা জরিমানা

কানাইঘাট প্রতিনিধি :
কানাইঘাট বাজারে আজ শুক্রবার বিকেল ২ ঘটিকার দিকে ভাল মাংসের সাথে পঁচা দুর্গন্ধ যুক্ত মাংস বিক্রি করার অপরাধে শামীম আহমদ নামে এক মাংস ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে ৫০ হাজার টাকা নগদ জরিমানা করা হয়েছে। পঁচা মাংস বিক্রির অপরাধে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট মুনমুন নাহার আশা ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯ এর ৫২ ধারায় এ জরিমানা করেন। জানা যায় বাজারের মাংস ব্যবসায়ী শামীম উদ্দিন ভাল মাংসের সাথে পঁচা দূর্গন্ধযুক্ত পোকে ধরা মাংস বিক্রি করলে একজন ক্রেতা দেড় কেজি মাংস কিনে বাড়ীতে নিয়ে যাওয়ার সময় মাংস থেকে দূর্গন্ধ বের হচ্ছে দেখে কিস ব্যাগ থেকে মাংস খোলে দেখেন পুরু মাংস পঁচা ও পোকে ধরা। সাথে সাথে তিনি মাংসা নিয়ে বাজার বনিক সমিতির সভাপতি আলতাফ হোসেন ও সাধারন সম্পাদক আব্দুল হেকিম শামীমকে অবহিত করেন। একপর্যায়ে বাজার বণিক সমিতির নেতৃবৃন্দ মাংস ব্যবসায়ী শামীম আহমদ ও তার পিতা সাহাব উদ্দিনকে পচাঁ মাংস বিক্রির বিষয়টি জানতে চাইলে প্রথমে তারা অস্বীকার করলে পরে পঁচা মাংস বিক্রির কথা স্বীকার করেন। খবর পেয়ে সেখানে স্থানীয় সাংবাদিকরা যান এবং বিষয়টি তাৎক্ষনিক গণমাধ্যমে তোলে ধরেন। একপর্যায়ে খবর পেয়ে সহকারী কমিশনার (ভূমি) ও প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট মুনমুন নাহার আশা থানা পুলিশকে সাথে নিয়ে মাংস বাজারে যান। এ সময় বনিক সমিতির নেতৃবৃন্দের উপস্থিতিতে পঁচা মাংস বিক্রির কথা স্বীকার করলে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে মাংস ব্যবসায়ী শামীম আহমদকে ৫০ হাজার টাকা নগদ জরিমানা করেন। বাজার বনিক সমিতির সাধারন সম্পাদক আব্দুল হেকিম শামীম জানিয়েছেন তারা সব সময় বাজার মনিটরিং করে থাকেন। পঁচা মাংস বিক্রির সংবাদ পাওয়া মাত্রই বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করেন। উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি জামাল উদ্দিন সহ স্থানীয় সচেতন মহল ভবিষ্যতে কানাইঘাট বাজার সহ অন্যান্য হাট বাজারে রমজান মাস উপলক্ষ্যে যাতে করে কোন মাংস ব্যবসায়ী রোগাক্রান্ত পঁচা মাংস বিক্রি করতে না পারে এজন্য মনিটরিং কার্যক্রম জোরদারের দাবী জানিয়েছেন।